# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

www.chuadangapourashava.org
E-mailঃmayor16cp@gmail.com

## টিএলসিসির ৫ম সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা
সময় ও তারিখঃ সকাল ১০.৩০ ঘটিকা, ৩১-০৩-২০২২ইং
স্থানঃ পৌরসভা কক্ষ

**আলোচ্যসূচীঃ-ঃ টিএলসিসির উদ্দেশ্য ও কার্য-বিধির আলোকে পূর্ব-নির্ধারিত বিষয় বস্তুর উপর আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহনঃ**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-১ বিগত ইং ২৯-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত TLCC সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতেই সভাপতির অনুমতিক্রমে সচিব জনাব এস এম রেজাউল করিম চুয়াডাঙ্গা পৌরসভা অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে অদ্যকার সভার সভাপতি জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি বলেন পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য আপনারা আমাদেরকে সহযোগিতা করেছেন তার জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। তিনি উন্নয়নে পৌরবাসীর সার্বিক সহায়তা কামনা করেন। তিনি করোনা ভাইরাস থেকে রক্ষা কল্পে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন।<br>অতপর সভাপতির অনুমতিক্রমে সচিব জনাব এস এম রেজাউল করিম চুয়াডাঙ্গা পৌরসভা বিগত ইং ২৯-১২-২০২১ অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। এরপর TLCC সভার সম্মানিত সদস্যবৃন্দ সভায় কায়বিবরণী নিয়ে পর্যালোচন করেন এবং কোন সংশোধনী না থাকায় TLCC সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সম্মানিত সভাপতি সভায় উপস্থিত কমিটির সদস্যকে পৌরসভার পক্ষ হতে ধন্যবাদ জানান | ক) সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভা সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।<br>খ) TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়।<br>গ) সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং যথাসময়ে PMO তে প্রেরন করা হবে।<br>ঙ) পর পর তিনটি সভায় উপস্থিত না থাকলে সদস্য পদ বাতিল করা হবে। | মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা | ১০ দিন |
| বিষয়-২ TLCC গঠন ও কার্যকর রাখা (সুত্র পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ধারা) | আলাচনায় অংশ নিয়ে সচিব সাহেব জানান পৌরসভার আইন,২০০৯ এর ১৫ ধারা অনুযায়ী চুয়াডাঙ্গা পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করার ০৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে নোটিশ ও কার্যবিবরণী বিতরণ করাসহ সভা নিয়মিত চলমান রাখা। | যথা নিয়মে নুসরন করে TLCC গঠন করায় অত্রসভা মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/পৌর পরিষদ/সচিব | |
| বিষয়-৩ WC গঠন ও কার্যকর রাখা (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ১৪ ধারা) | আলোচনার শুরুতেই পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভার ওয়ার্ড (WC) কমিটি গঠন ও কার্যাবলী নিয়ে সভায় আলোচনা করা | ১.জানুয়ারী-মার্চ/২০২২ ত্রৈমাসিক WC-র সভা সম্পন্ন করা এবং সভায় কার্য বিবরণী | মেয়র/পৌর পরিষদ/সহকারী | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | হয়। আলোচনা কালে (WC) কমিটি সদস্য সচিব ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, চুয়াডাঙ্গা পৌরসভা জানান (WC) কমিটির সভা সমূহ সঠিক সময়ে করা হয় এবং সভার সিদ্ধান্ত সমূহ আলেঅচনার জন্য TLCC সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত থাকে।<br>সভায় (WC) কমিটির কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলেঅচনান্তে গুরুত্বপূর্ণ সমস্যাগুলো চিহ্নিত করা পৌর পরিষদেও সভায় আলেঅচনা সাপেক্ষে চিহ্নিত সমস্যাগুলো সমাধানের উদ্যোগ গ্রহন করার জন্য অনুরোধ জানান হয়। | প্রস্তুত করে PMO তে প্রেরণ করা সংশ্লিষ্টদের কপি সরবরাহ করা হবে।<br>২. গুরুত্বপূর্ণ সমস্যাগুলো চিহ্নিত করে পৌর পরিষদের সভায় আলোচনা সাপেক্ষে সমস্যাগুলো চিহ্নিত করে সমাধানের উদ্যোগ গ্রহন করা। | প্রকৌশলী | |
| বিষয়-৪নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | নাগরিক সনদ(CC) বা সিটিজেন চার্টার নিয়ে আলোচনা কালে TLCC সদস্য জনাব মো ঃ মাফিজুর রহমান আরো ০১ টি স্থানে নতুনভাবে নাগরিক সনদ(CC) স্থাপন করার সুপারিশ করা হয়। নাগরিক সনদ নতুন ভাবে স্থাপিত হয়েছে কিনা জানতে চান।<br>জবাবে পৌরসভার সচিব সাহেব জানান করোনা পরিস্থিতি এবং নতুন নির্বাচনের কারণে নতুন ভাবে নাগরিক সনদ স্থাপন করা সম্ভব হয়ে ওঠেনি। তবে অচিরেই স্থাপন করা হবে।<br>নাগরিক সনদ(CC) স্থাপন করা হবে মর্মে আশ্বাস প্রদান করায় অত্রসভা পৌরকর্তৃপক্ষ ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১. আরো ০১ টি স্থানে নতুনভাবে নাগরিক সনদ(CC) স্থাপন করা হবে। | মেয়র/সচিব | |
| বিষয়-৫ তথ্য অভিযোগ প্রতিকার (GRC) সেল গঠন ও কার্যকর রাখা। | *তথ্য অভিযোগ প্রতিকার সেল নিয়ে আলোচনা কালে কমিটির আহবায়ক জনাব সুলতানা আঞ্জু (রত্না) বলেন পৌরসভার প্রবেশ দ্বারে অভিযোগ বাক্স স্থাপন করা আছে এবং কোন অভিযোগ জমা পড়লে প্রাপ্ত অভিযোগ গুলি রেজিষ্টারে সংরক্ষণ করা হয়। সকর অভিযোগ GRC কমিটি কর্তৃক বিবেচনায় নিয়ে উভয় পক্ষের উপস্থিতিতে অভিযোগ নিস্পত্তি করা হয়। অভিযোগ সমূহের বিবরণ পৌর পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। তিনি আরও জানান ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারী-মার্চ-২০২২) সর্বমোট ৭২টি অভিযোগ পাওয়া যায় তন্মধ্যে পুরুষ অভিযোগ ৬১টি এবং মহিলা অভিযোগ ১১টি। অভিযোগগুলো GRC কমিটি বিবেচনায় নিয়ে উভয় পক্ষের উপস্থিতিতে ৭২টি অভিযোগ নিস্পত্তি করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে অত্রসভা GRC-র কার্যক্রম নিয়ে সন্তোষ প্রকাশ করেন।* | ১. সকল অভিযোগ যথা সময়ে রেজিষ্টারে লিপিবদ্ধ করা এবং এ ধারা অব্যাহত রাখা।<br>২. GRC কমিটি অভিযোগ বিবেচনায় নিয়ে উভয় পক্ষের শুনানী গ্রহন করা এবং এ ধারা অব্যাহত রাখা।<br>৩. সমাধানকৃত অভিযোগ সমূহের বিবরণ TLCC -র সভাতে ও পৌর পরিষদের মাসিক সভায় আলোচনা করা। | সভাপতি GRC কমিটি | |
| বিষয়-৬ বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন ও কাজের অগ্রগতি বিষয়ে আলোচন। | বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও ব্যয় বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ২০২১-২০২২ অর্থ বছরে পৌরসভার রাজস্ব বাজেটে খাতে ১,১২,৭৫,০০০/- টাকা বরাদ্ধ রাখা হয়েছে। পৌরসভার রাজস্ব বাজেট হতে বরাদ্ধ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে বরাদ্দকৃত বাজেট হতে O&M কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম ও ২য় কোয়ার্টারে মোট ব্যয় হয়েছে ৩,২৪,২৭৯/- টাকা। ৩য় কোয়ার্টার (জানুয়ারী-মার্চ/২০২২) বিভিন্ন খাতে ব্যয় হয়েছে ৮,৭৬,৯৬৪/-টাকা। | ক.উন্নয়ন কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করে PMO অফিসে প্রেরণ করাসহ পৌরসভার ওয়েব সাইটে প্রদর্শন করা।<br>খ.২০২১-২০২২অর্থ বছরের জন্য বরাদ্দকৃত অর্থ হতে প্রয়োজন মাফিক ব্যয় করার সুপারিশ করা হল। | মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী | |
| বিষয়-৭ পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন। | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে সভাকে জানানো হয় ০৫(পাঁচ) বছরের জন্য | ১.পৌরসভার জন্য ০৫(পাঁচ) বছরের উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন সংশোধন কাজ | পৌর পরিষদ/নির্বাহী প্রকৌশলী | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন করা হয়েছে এবং এরই ধারা বাহিকতায় উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে এবং প্রকল্প গ্রহন করা হয়। আলোচনায় অংশ নিয়ে নতুন পরিষদের সদস্য জনাব মো ঃ মাফিজুর রহমান মাফি বলেন- পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (PDP)-র সংশোধিত যে খসড়া প্রস্তুত করা হচ্ছে আমরা তাকে সাধুবাদ জানাচ্ছি তবে যেহেতু নতুন পরিষদ গঠিত হয়েছে সে কারনে পরিষদের মতামত গ্রহন করে (PDP) প্রণয়ন করা হলে টেকশই বা যুক্তি সংগত হবে।বিষয়টি ভেবে দেখার জন্য অনুরোধ করেছিলাম-এ বিষয়ে অগ্রগতি জানতে চান। অত:পর নির্বাহী প্রকৌশলী জানান আপনার সুপারিশ মোতাবেক কাজ চলমান। অত:পর সভা পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন হাতে নেওয়ায় পৌরসভাকে ধন্যবাদ দেন। | ইং ২০১৯-২০২০ অর্থ বছর থেকে শুরু করা হয়েছে যা চলমান আছে ।<br>২.PDP প্রণয়ন কাজে নতুন পরিষদের মতামত<br>গ্রহন করে সংশোধন কাজ শুরু করা হয়েছে।<br>৩.শীঘ্রই TLCC-র সভায় উপস্থাপন করা হবে। | | |
| বিষয়-৮ দারিদ্র্যহ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা। | আলোচনার শুরুতেই দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব কে এম আব্দুস সবুর খান বলেন যে, PRAP বাস্তবায়নে মানুষের কিছুটা দুর্দশা লাঘবের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে ৪৮,০০,০০০/-টাকার বাজেট বরাদ্দ আছে। ১ম ও ২য় কোয়ার্টারে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে স্বাস্থ্য সেবা, আর্থিক সাহায্য, সাবলম্বী করণ, অসহায় ও দরিদ্রদের মাঝে চাল,ডাল, নগদ অর্থ, ঔষুধ ক্রয়, শিক্ষা উপকরণ, রিং স্লাব বিতারন বাবদ মোট ব্যয় করা হয়েছে ১৪৫৩৬৯৯/-টাকা ব্যয়। ৩য় কোয়ার্টারে (জানুয়ারী-মার্চ/২০২২) ব্যয় করা হয়েছে ৫,১৭,১৬২/-টাকা।<br>ব্যয় বিবরনী নিম্নরুপঃ-<br>* স্বাস্থ্য সেবা ও ঔষধ বিতারন বাবদ ৯৭,৬৪২/-টাকা<br>* রিং স্লাব বিতারন বাবদ ৭০৫০/-টাকা<br>* বর্জ্য অপসারন বাবদ ব্যয় ২২,৪২০/-টাকা<br>* শিক্ষা উপকরন বাবদ ৯০০/-টাকা<br>* নগদ অনুদান ১,৩৮,৫০০/-টাকা<br>* আর্থিক সাহায্য প্রদান ১,২৩,৩০০/-টাকা<br>*করোনা ( চাল, মাস্ক ও ঔষধ) বাবদ ব্যয় ১,২৭,৩৫০/-টাকা | ক. ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী দাারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করা।<br>খ. স্বাস্থ্য সম্মত রিং-স্লাব বিতরন।<br>গ. বস্ত্র বিতরন ও ঔষুধ প্রদান।<br>ঙ. হত দারিদ্র মানুষদের মাঝে চাউল বিতরণ।<br>চ.দরিদ্রদের মাঝে ঢেউটিন বিতরণ।<br>ছ.পঙ্গুদের মাঝে হুইল চেয়ার বিতরণ।<br>জ. আত্মনিরর্ভরশীল প্রশিক্ষণের ব্যবস্থা করা। | মেয়র/সভাপতি/সদস্য সচিব | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-৯ পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন। | পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটি সকল উন্নয়ন কাজ তদারকি করে। নির্বাহী প্রকৌশলী জানান কিছু কাজ প্রায় সমাপ্তি হয়েছে কিছু কাজ চলমান আছে। কাজের মান সন্তোষ জনক। নির্বাহী প্রকৌশলী আরো জানান পৌরসভা ইতোমধ্যে সরকারী উন্নয়ন তহবিল ও রাজস্ব তহবিল হতে উন্নয়নমূলক কাজ সমাপ্ত হয়েছে।<br>এরপর নির্বাহী প্রকৌশলী আরো জানান চলমান UGIIP-III প্রকল্পের আওতায় পানি সরবরাহ প্রকল্পে ১০ কোটি টাকার কাজ প্রায় সমাপ্তির পথে। আশা করছি পানি সরবরাহ প্রকল্পের কাজ সমাপ্ত হলে জনসাধারণের পানি সম্পর্কিত আর কোন সমস্যা থাকনে না। তিনি আরো জানান UGIIP-III প্রকল্পের আওতায় পৌর শ্রীমন্ত টাউন হল নতুন ভাবে নির্মাণ করার ইতোমধ্যে কার্যাদেশ প্রদান করা হয়েছে। এয়াড়াও তিনি সভাকে জানান গুরুত্বপূর্ণ শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় প্রায় ১০ কোটি টাকার প্রকল্পের কাজ প্রায় সমাপ্তির পথে। তা ছাড়াও বর্জ্য শোধনাগারের কাজ শুরু হয়েছে। আশা করছি এ সকল কাজ বাস্তবায়ন হলে জন-সাধারনের সেবার মান বৃদ্ধি পাবে।<br>আলোচনায় অংশ নিয়ে TLCC এর সদস্য জনাব মো ঃ ফজলুল হক মালিক, জনাব মো ঃ সুজা উদ্দিন ও জনাব সিরাজুল ইসলাম, জনাব সালাউদ্দিন মো ঃ মুর্তজা বলেন-আমাদের টেকশই উন্নয়ন করতে হবে। জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্থ রাস্তা সমুহ সংস্কার করা এবং ড্রেনের উপর স্লাব নির্মাণ করার পুণরায় অনুরোধ করেন এবং প্রকল্পের কাজের গুনগত মান ভালো থাকায় সন্তোষ প্রকাশ করেন। | ১. UGIIP-III প্রকল্পের কাজ যথা সময়ে সম্পন্ন করার সুপারিশ করা হয়।<br>২. উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিকে আরো দায়িত্বশীল হওয়ার সুপারিশ করা হয়।<br>৩. ক্ষতিগ্রস্থ রাস্তা/ড্রেণ সমুহ মেরামত করার সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/উন্নয়ন বাস্তবায়ন কমিটি। | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-১০ জেন্ডার(GAP)কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির অগ্রগতি বিষয়ে আলোচনা। | পৌর সচিব জনাব এস এসম রেজাউল করিম সভাকে জানান চলতি ২০২১-২০২২ সনে জেন্ডার এ্যাকশান প্ল্যান বাস্তবায়নের জন্য ১৯,১৫,০০০/- টাকা বাজেট বরাদ্দ আছে। ১ম,২য় ও ৩য় কোয়ার্টারে মোট ব্যয় ১১,৩৫,৮৫০/-টাকা। ৩য় কোয়ার্টারে (জানুয়ারী-মার্চ/২০২২) ব্যয় হয়েছে ৪,৮০,০০০/- টাকা।<br><br>ব্যয় বিবরণী নিম্নরুপঃ-<br>* নারীদের সেলাই মেশিন বিতারন বাবদ ৪০,০০০/-টাকা<br>* প্রশিক্ষকের ভাতা বাবদ ১৬,৮০০/-<br>* নারীদের অনুদান বাবদ ৩৫,০০০/-টাকা<br>*হাঁস/মুরগী/ছাগল পালনে প্রশিক্ষন বাবদ ৪০,০০০/-/-টাকা<br>*হাঁস/মুরগী/ছাগল বিতারন বাবদ ৩০,০০০/-/-টাকা<br>*বস্ত্র বিতারন বাবদ ৮৫,০০০/-টাকা<br>*চাউল বিতারন বাবদ ৩৫,০০০/-টাকা<br>* শিক্ষা উপকরন বাবদ ১,০০,০০০/-টাকা<br>* স্থায়ী কমিটির সভা বাবদ ২২০০/-টাকা<br>* ইভটিজিং-এর বিভিন্ন কার্যক্রম বাবদ ৫,০০০/-টাকা<br>* দরিদ্র মেধাবী ছাত্রীদের বৃত্তি প্রদান বাবদ ৩০,০০০/- | * নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে সদস্যদের মাঝে বিতরন করা ও যথাসময়ে PMO অফিসে প্রেরণ করা।<br>*হাস-মুরগী পালনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান।<br>* সেলাই মেশিন বিতরন<br>* অসহায় ও দুস্থদের মাঝে হাসের বাচ্চা বিতরণ<br>* আর্থিক অনুদান দেওয়া<br>* পঙ্গুদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা।<br>*হত-দরিদ্র পরিবারের স্কুল গামী ছেলে-মেয়েদের জন্য শিক্ষা উপকরন ক্রয় করা বা বিতরন করা। | সভাপতি/সদস্য-সচিব GAP | ৩ মাস |
| বিষয়-১১ হোল্ডিং ট্যাক্স-এর মাধ্যমে রাজস্ব আরোহণ। | আলোচনার শুরুতে অত্র পৌরসভার সচিব জনাব এস এম রেজাউল করিম জানান যে, বর্তমানে পৌরসভা মোট হোল্ডিং সংখ্যা ১৭৯৮৫টি। তার মধ্যে সরকারী হোল্ডিং সংখ্যা ১৭০টি এবং বেসরকারী হোল্ডিং সংখ্যা ১৭৮১৫টি। ২০২১-২০২২ অর্থ বছরের পৌর করের মোট দাবী বকেয়াসহ ৫,০১,৬২,৯৮৭/-টাকা। ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে মোট আদায় ৩,৩৮,৭৮,২০৮/-টাকা। তন্মধ্যে জানুয়ারী-মার্চ/২০২২ মাসের ত্রৈমাসিকে সরকারী ও বেসরকারী মোট পৌর করের আদায়ের পরিমান ৮৪,৮০,৮৭০/-টাকা। আদায়ের হার ৬৭.৫৪%। সভার সভাপতি জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন যে, আপনাদের সহযোগিতায় নতুন ২০২১-২০২২ অর্থ বছরের ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে সন্তোষজনক পৌরকর আদায় করতে সক্ষম হয়েছি। | সভার সিদ্ধান্ত মোতাবেক আদায় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সহযোগিতায় সমস্ত পৌর এলাকায় মাইকিং, ক্যাম্পেইন, কর খেলাপিদের নোটিশ প্রদান এবং মহল্লায় মহল্লায় টিম প্রেরনের মাধ্যমে পৌরকর আদায়। এছাড়া উঠান বৈঠক ও WC বৈঠকে কর আদায় বিষয়ে আলোচনা করা। | মেয়র/সচিব/কর আদায়কারী/ WC কমিটি/ TLCC -র সদস্যবৃন্দ | ৩০ দিন |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-১২ পরোক্ষা কর এবং ফি-এর মাধ্যমে রাজস্ব আরোহণ (হোল্ডিং ট্যাক্স ব্যতীত)। | পৌর সচিব জনাব এস এম রেজাউল করিম বলেন যে, পৌরসভার নন-টাক্স খাতে ২০২১-২০২২ অর্থ বছরের মোট দাবী ৪,১৬,২৮,২৩৫/-টাকা। ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে মোট আদায় ২,৩৯,১৬,০২০/-টাকা এবং আদায়ের হার ৫৭.৪৫%। তন্মধ্যে জানুয়ারী-মার্চ/২০২২ মাসের ত্রৈমাসিকে আদায়ের পরিমান ৯৭,১৭,৩৪৭ /-টাকা। | ১. পৌর স্বার্থে হাট-ইজারার বকেয়া অর্থ আদায় করার জন্য মেয়র মহোদয়কে সর্বম্মতিক্রমে সুপারিশ করা হয়।<br>২. কর বহিভূত রাজস্ব আয় বাড়ানোর জন্য আয়ের খাত চিহ্নিত করার জন্য পৌরপরিষদকে পুনঃরায় অনুরোধ করেন।<br>৩. চলতি ২০২১-২০২২ অর্থ বছরে হতে পৌর এলঅকায় ইবাইক চলাচলের অনুমতি পত্র এবং রিক্সা, ভ্যানের লাইসেন্স প্রদানে অধিক গুরুত্ব দেয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে পুনঃরায় | মেয়/সচিব/বাজার পরিদর্শক/লাইসেন্স পরিদর্শক। | ৩ মাস |
| বিষয়-১৩ পানির কর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা ও বকেয়া আদায়ে সিদ্ধান্ত গ্রহন। | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ইং ২০২১-২০২২ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান ২,৩৯,১৭,০৬৬/-টাকা। ১ম,২য় ও ৩য় কোয়ার্টারে মোট আদায়ের পরিমাণ ১,৫৪,৩২,৬২৯/-টাকা এবং আদায়ের হার ৬৫%।<br>জানুয়ারী-মার্চ/২০২২ মাসের ত্রৈমাসিক মোট আদায়ের পরিমাণ ৫৪,১৬,০১১/-টাকা। পানি শাখার তত্বাবধায়ক জনাব এএইচএম সাহীদুর রশীদ বলেন বকেয়া কর আদায়ে টীম গঠন করা হয়েছে এবং সেই সাথে সংযোগ বিচ্ছিন্ন অব্যাহত আছে। | ক.বকেয়া পানির বিল গ্রাহকদের বিরুদ্ধে লাইন কর্তন এবং বকেয়া বিল আদায়ে টিম গঠন করে অভিযান অব্যহত রাখা।<br>খ.যথা সময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য তাগিত প্রদান অব্যাহত রাখা।<br>গ.ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু রাখা। | মেয়র/সচিব/নির্বাহী প্রকৌশলী/পানি তত্বাবধায়ক | |
| বিষয়-১৪ বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন | বস্তি-উন্নয়ন কমিটির সদস্য-সচিব ও বস্তি-উন্নয় কর্মকর্তা জনাব কেএম আব্দুস সবুর খান আলোচনায় অংশ নিয়ে জানান প্রকল্প অফিস কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির উন্নয়নের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে যা প্রায় সমাপ্তির পথে। ডাষ্ট-বিনের কাজটি শেষ করতে পারলে সকল কাজ শেস হবে। কাজের গুন-গত মান অত্যন্ত ভালো। প্রতিটা বস্তিতে নিয়মিত সভা করা চলমান আছে। কমিটির সদস্যদের নিয়ে সভা করে উন্নয়ন কাজ করার জন্য সর্বসম্মতিক্রমে রেজুলেশন করে টাকা উত্তোলন করা হয়। সভায় ব্যয় বিবরণী তুলে ধরা হয়।<br>এরপর আলোচনায় অংশ নিয়ে বস্তি উন্নয়ন কমিটির সভাপতি মোছা ঃ রিপা খাতুন, মোছা ঃ রুপালী খাতুন, মোছা ঃ মিতা খাতুন বলেন- আমাদের এলাকার বস্তিতে গুনগতমান ঠিক রেখে উন্নয়ন কাজ পরিচালিত হচ্ছে এবং আমরা সবাই একাজে সাহায্য করি। কাজ সম্পর্কে আমাদের কোন অভিযোগ নাই। তবে অবশিষ্ট কিছু কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। আমাদের এলাকায় রাস্তা, ড্রেন, সেনেটারী ল্যাট্রিন, সৌর বিদ্যুৎ পোল স্থাপন হওয়ায় আমরাসহ এলাকার জনগন অত্যন্ত খুশি।<br>অত:পর অত্র সভা বস্তি উন্নয়ন কার্যক্রমের প্রশংসা করেন। | ১. প্রকল্পের নির্দেশনা মোতাবেক কার্য সম্পাদন করা।<br>২. বস্তির উন্নয়ন কাজ শুরুর পূর্বে TLCC সদস্যদের অবহিত করা।<br>৩. অনুমোদিত ০৪ টি বস্তির SIC কমিটির সদস্যদের সাথে নিয়মিত মাসিক সভা করা।<br>৪. বস্তির উন্নয়ন কাজে গুনগতমান বজায় রাখা।<br>৫. প্রাক্কলন মোতাবেক বস্তি-উন্নয়নের কাজ করা। | সভাপতি/সদস্য-সচিব, দারিদ্র্যহ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। | |
| বিষয়-১৫ বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয় নিয়ে আলোচনাকালে সভাকে | ক. বর্জ্য অপসারণে আরো বেশী পদক্ষেপ | মেয়র /সচিব/নির্বাহী | ২ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা। | জানানো হয় বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। সভাকে আরো অবগত করা হয় যে, নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০২১-২০২২ অর্থ বছরে ১,০৩,৫০,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। তন্মধ্যে জানুয়ারী-মার্চ/২০২২ মাসে ব্যয় হয়েছে ২১,৬৭,৫৮০/-/-টাকা। বর্জ্য ও আবর্জনা ফেলার জায়গা ইতোমধ্যে অধিগ্রহন সম্পন্ন পূর্বক সলিড ওয়াষ্ট ডিসপোজাল গ্রাউন্ড উন্নয়নের কাজ শুরু করা হয়েছে। আশা করছি আগামী ০৬ মাসের মধ্যে কাজটি সম্পন্ন হলে বর্জ্য ও আবর্জনা ফেলার আর কোন সমস্যা হবে না। পৌর সচিব জনাব এস এম রেজাউল করিম বলেন যে, শহরকে অধিকতর পরিচ্ছন্ন রাখার জন্য বাড়ির আবর্জনা অপসারনে হোম সার্ভিস চালু করা যেতে পারে। | গ্রহন করা।<br>খ. মহল্লায়-মহল্লায় বাড়ির ময়লা আবর্জনা সরানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক ভ্যান সরবরাহ করা ।<br>গ.২০২১-২০২২ অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার সুপারিশ করা হল। | প্রকৌশলী/ কঞ্জারভেন্সী পরিদর্শক | |
| বিষয়-১৬ ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ বিষয়ক আলোচনা। | ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষনের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে ৫৬,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে মোট ব্যয় হয়েছে ২৭৭২৯৪১/-টাকা এবং ব্যয়ের হার ২৪.৫১%। জানুয়ারী-মার্চ/২০২২ মাসে ব্যয় হয়েছে ৯,২৮,৭৮০/-/-টাকা। | ক. ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>খ. ড্রেনের উপর স্লাব স্থাপন ২০২১-২০২২ অর্থ বছরে সরকারী অর্থ প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/কঞ্জারভেন্সী পরিদর্শক | |
| বিষয়-১৭ সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা গ্রহন বিষয়ে আলোচনা। | সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী সভাকে জানানো হয় চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি/মালামাল ক্রয় এবং ১০০% সড়ক বাতি সচল রাখার বিষয়ে পৌরসভা সচেষ্ট।তবে ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০২১-২০২২ অর্থ বছরে ৩০,৯০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা আছে। তন্মধ্যে জানুয়ারী-মার্চ/২০২২ মাসে ব্যয় হয়েছে ৪,৬৭,৫৮০/- টাকা।<br>অত:পর ১০০% সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে TLCC-র অন্যতম সদস্য জনাব মো ঃ সুজাউদ্দিন, মোঃ বিপুল আশরাফ ও মোছা ঃ রিপা খাতুন সড়কবাতির বর্তমান কার্যক্রম অত্যন্ত সন্তোষ জনক হওয়ায় পৌরসভাকে ধন্যবাদ দেন।তবে সদস্য জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন প্রত্যেক ওয়ার্ডে কমবেশী বৈদ্যুতিক লাইটের সমস্যা রয়েছে তা দ্রুত সমাধান করা দরকার। | ক. সড়ক বাতি মেরামত ও সচল রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>খ. অচিরেই বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা হবে।<br>গ. ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ পরিকল্পনা মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/কাউন্সিলর/ নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/বিদ্যুৎ সুপারভাইজার | |
| বিষয়-১৮ কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনাকালে কর আদায়কারী সভাকে অবগত করান যে, জানুয়ারী-মার্চ/২০২২ ত্রৈমাসিকে ৮৪৫৮ টি ট্যাক্স বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়। এর মধ্যে ৯৮৬ জন গ্রাহক পৌরকর পরিশোধ করেছে। পৌরকর আদায়ের পরিমান ১,৫৫,৩৪,৩৪০/-টাকা। তিনি আরো জানান পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়। মেয়র মহোদয় TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদেরকে পৌরকর আদায়ের হার আরো বৃদ্ধির জন্য আন্তরিক হওয়ার অনুরোধ জানান। | ১. কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>২. পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়। | কর আদায়কারী/সহকারী কর আদায়কারী। | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | ৩. প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ৪. আদায় প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত হয়। | | |
| বিষয়-১৯ বিষয়-১৪ স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা ও অগ্রগতি বিষয়ক আলোচনা। | স্যানিটেশন কার্যক্রম নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় পৌরসভা কর্তৃক স্যানিটেশন বিষয়ক যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। এজন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেটে ২,০০০০০/-টাকা্ বরাদ্দ ছিল এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে। স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল গনশোচাগার, কমিউনিটি টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। TLCC-র সদস্য রেবেকা খাতুন, জনাব মো ঃ সুজাউদ্দিন আহম্মেদ স্যানিটেশন কার্যক্রমে আরো নজর দেয়ার পরামর্শ দেন। স্যানিটেশন বিষয়ক কার্যক্রমে জানুয়ারী-মার্চ/২০২২ মাসে ৭০০০/-টাকা ব্যয় হয়। | ক.স্যানিটেশন কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত হয়। খ. বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় করার সুপারিশ করা হয়। গ. ইং ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুসারে ব্যয় করার সিদ্ধান্ত হয়। | সেনেটারী ইন্সপেক্টর/ কন্জারভেন্সী ইন্সপেক্টর | |
| বিষয়-২০ UGIAP কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন | চলতি কোয়াটারের পৌরসভার কর্মকর্ত/কর্মচারীদের অফিসে সময়মত আগমন ও প্রস্থান নিশ্চিত করার জন্য ডিজিটাল এটেনডেন্স সিষ্টেম চালু করা হয়েছে। পৌরসভার নিজস্ব ওয়েব সাইট আছে। পৌরসভার তথ্য ওয়েব সাইটে নিয়মিত আপলোড করা হয়। পৌরসভার ওয়েব সাইটে TLCC-র সভার রেজুলেশন O & M কর্মপরিকল্পনা GAP, PRAP পৌরসভার সিটিজেন চাটার এবং সিটি হেলথ প্লান সংযুকাত করা আছে। এ ছাড়া পৌরসভার সকল টেন্ডার, অন্যান্য বিজ্ঞপ্তি, নোটিশ নিয়মিত ভাবে ওয়েব সাইটে দেয়া হয়। পৌরসভার ট্যাক্স, পানির বিল, ট্রেড লাইসেন্স এবং দোকানঘর ভাড়া (শিওর ক্যাশ) মোবাইলের মাধ্যমে নাগরিকগণ পরিশোধ করতে পারছে। পৌর ভবনে Wi Fi ইন্টার নেট সুবিধা চালু আছে। পৌরসভার ই-মেইল আইডি এবং Facebook খোলা আছে। পৌরসভার অফিসে ডিজিটাল সেন্টার চালু আছে। | | | |
| বিষয়-২১ অবকাঠামো ও স্থাপনা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ (MobileMaintenance) ব্যয় বিষয়ে অলোচনা। | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ Mobile Maintenance Team-এর কর্ম পরিকল্পনা মোতাবেক যোগ্য কার্যাদি সম্পন্নের জন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ কাজে জানুয়ারী-মার্চ/২০২২ কোয়ার্টারে ১,২৩,১০৭/- টাকা ব্যয় হয়েছে। | ক. TLCC-র অধিকাংশ সদস্য ব্যয় বাড়ানোর উপর গুরুত্ব দেন। খ. অবৈধ স্থাপনা চিহ্নিত করে তা ভেঙ্গে ফেলার সিদ্ধান্ত গৃহিত হয়। | | |
| বিষয়-২২ সকল সরকারি ঋণ ও অন্যান্য প্রতিষ্ঠানের দেনা পাওনা পরিশোধ বিষয়ে আলোচনা। | সকল সরকারি ঋণ পরিশোধ করার বিষয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় BMDF সংস্থা থেকে ঋণের কিস্থি জানুয়ারী-মার্চ/২০২২ পর্যন্ত পরিশোধি যোগ্য ঋণের পরিমাণ ৬,৪৯,৪৬১/-টাকা।জানুয়ারী-মার্চ/২০২২ পরিশোধিত কিস্তির পরিমাণ ৩৬টি। পরিশোধের হার ১০০%। বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ করা নিয়ে আলোচনার শুরুতেই সভাকে জানানো হয় জানুয়ারী-মার্চ/২০২২ মাস পর্যন্ত বকেয়া বিল সহ চলতি বিল পাওয়া গেছে ৪১,৭০,৭৫৫/- টাকা তন্মধ্যে বকেয়া সহ পরিশোধ করা হয়েছে | | | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ৩১,৬৫,৮২৮/- টাকা। বিদ্যুৎ বিলের অবশিষ্ট ১০,০৪,৯২৭/- টাকা অরিচেই পরিশোধ করা হবে। পরিশোধের হার ৭৬%। জানুয়ারী-মার্চ/২০২২ পর্যন্ত ৬,৪৭১/- টাকার টেলিফোন বিল পাওয়া গেছে এবং উক্ত টেলিফোন বিল বাবদ ৬,৪৭১/-পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ১০০%। | | | |
| বিষয়ঃ-২৩ সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ও বিতরন করা চলমান আছে।<br>বর্তমানে এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার, পৌরকর, পানি সরবরাহ কর. ট্রেডলাইসেন্স ও ডিজিটাল সেন্টার চলমান আছে। চুয়াডাঙ্গা পৌরসভার ওয়েবসাইট খোলা হয়েছে যাহার ঠিকানা নিম্নরুপ যেমন- www.chuadanga.org.com বর্ণিত ওয়েব সাইটে পৌরসভার সকল তথ্য সন্নিবেশিত আছে। | ১. অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন অব্যাহত রাখা।<br>২. পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করার কাজ চলমান রাখা এবং আগামী ১০-১০-২০২১ তারিখের মধ্যে পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করা হবে। | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | |
| বিষয়ঃ-২৪ বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন | বস্তি-উন্নয়ন কমিটির সদস্য-সচিব ও বস্তি-উন্নয় কর্মকর্তা জনাব কেএম আব্দুস সবুর খান আলোচনায় অংশ নিয়ে জানান প্রকল্প অফিস কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির উন্নয়নের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে যা প্রায় সমাপ্তির পথে। কাজের গুন-গত মান অত্যন্ত ভালো। প্রতিটা বস্তিতে নিয়মিত সভা করা চলমান আছে। কমিটির সদস্যদের নিয়ে সভা করে উন্নয়ন কাজ করার জন্য সর্বসম্মতিক্রমে রেজুলেশন করে টাকা উত্তোলন করা হয়। সভায় ০৪ টি বস্তির ব্যয় বিবরণীসহ চুড়ান্ত বিল অনুমোদনের জন্য তুলে ধরা হয়।<br>এরপর আলোচনায় অংশ নিয়ে বস্তি উন্নয়ন কমিটির সভাপতি মোছা ঃ রিপা খাতুন, মোছা ঃ রুপালী খাতুন, মোছা ঃ মিতা খাতুন বলেন- আমাদের এলাকার বস্তিতে গুনগতমান ঠিক রেখে উন্নয়ন কাজ পরিচালিত হচ্ছে এবং আমরা সবাই একাজে সাহায্য করি। কাজ সম্পর্কে আমাদের কোন অভিযোগ নাই। আমাদের এলাকায় রাস্তা, ড্রেন, সেনেটারী ল্যাট্রিন, সৌর বিদ্যুৎ পোল স্থাপন হওয়ায় আমরাসহ এলাকার জনগন অত্যন্ত খুশি।<br>অত:পর অত্র সভা বস্তি উন্নয়ন কার্যক্রমের প্রশংসা করেন। | ১. প্রকল্পের নির্দেশনা মোতাবেক কার্য সম্পাদন করা।<br>২. বস্তির উন্নয়ন কাজ শুরুর পূর্বে TLCC সদস্যদের অবহিত করা।<br>৩. অনুমোদিত ০৪ টি বস্তির SIC কমিটির সদস্যদের সাথে নিয়মিত মাসিক সভা করা।<br>৪. বস্তির উন্নয়ন কাজে গুনগতমান বজায় রাখা।<br>৫. প্রাক্কলন মোতাবেক বস্তি-উন্নয়নের কাজ করা।<br>৬. ০৪ টি বস্তি উন্নয়নের চুড়ান্ত বিল অনুমোদন দেয়ার জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অনুরোধ করেন। | সভাপতি/সদস্য-সচিব, দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। | |
| বিষয়ঃ-২৫ অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)। | গত ১৫-০৪-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভায় পৌরসভা পৌরসভার সচিব জনাব কাজী শরিফুল ইসলাম ২০২১-২০২২ অর্থ বছরে পৌরকর আদায় বিষয়ে সভায় আলোচনার সূত্রপাত ঘটান। আলোচনায় অংশ নিয়ে সম্মানিত সদস্যবৃন্দ বলেন, কোভিড-১৯(করোনা) কারনে আমাদের কাঙ্খিত পৌরকর আদায় করা সম্ভব হয়ে ওঠেনি। তবে অচিরেই সমস্যা কেটে যাবে বলে সভায় অভিমত প্রকাশ করেন।<br>পৌর স্বার্থে আদায় শাখার কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য সকলের সহযোগিতায় পৌর কর আদায় বৃদ্ধির লক্ষে পূর্বের ন্যায় ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন করে আদায় কার্যক্রম পরিচালনা করাসহ বকেয়া পৌরকর খেলাপিদের নোটিশ প্রদানের মাধ্যমে কর আদায় চলমান রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভাকে অনুরোধ করা হয়। টিএলসিসি-র সভায় এ বিষয়ে আলোচনা হয় এবং | ১. আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ মাসের মধ্যে TLCC-র সভায় উপস্থাপন করা হবে।<br>২ পৌর স্বার্থে আদায় শাখার কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য সকলের সহযোগিতায় পৌর কর আদায় বৃদ্ধির লক্ষে পূর্বের ন্যায় ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন করে আদায় কার্যক্রম পরিচালনা করাসহ বকেয়া পৌরকর খেলাপিদের নোটিশ প্রদানের মাধ্যমে কর আদায় চলমান রাখার বিষয়ে প্রয়োজনীয় | মেয়র/সচিব | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | কমিটির সুপারিশ বাস্তবায়ন করার জন্য মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভাকে অনুরোধ করা হয়। সর্বপরি অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটিকে অত্রসভা ধন্যবাদ জ্ঞ্যাপন করেন। | ব্যবস্থা নেওয়ার জন্য মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভাকে অনুরোধ করা হয়। | | |
| বিষয়ঃ-২৬ অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটির সভা গত ইং ১৯-০৯-২০২১-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইং ২০২০-২০২১ অর্থ বছর সমাপ্ত হওয়ায় আভ্যন্তরিন নিরীক্ষা কমিটি কর্তৃক নিরীক্ষা করা হয়। আভ্যন্তরীন নিরীক্ষায় আপত্তিসমুহ প্রস্তুত করে নিস্পত্তি করার জন্য মেয়র চুয়াডাঙ্গা পৌরসভার নিকট উপস্থাপন করার সুপারিশ গৃহীত হয়।<br>সর্বপরি অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটিকে অত্রসভা ধন্যবাদ জ্ঞ্যাপন করেন। | ১. আগামি ডিসেম্বর,২০২১ মাসের মধ্যে অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটির সভা উপস্থাপন পূর্বক যথা সময়ে PMO তে প্রেরণ করা হবে।<br>২. আর্থিক বিবরণী প্রস্তুত করা।<br>৩. আভ্যন্তরীন নিরীক্ষায় আপত্তিসমুহ প্রস্তুত করে নিস্পত্তি করার জন্য মেয়র চুয়াডাঙ্গা পৌরসভার নিকট উপস্থাপন করা। | হিসাব রক্ষক/সহকারী হিসাব রক্ষক | |
| বিষয়ঃ-২৭ কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা কালে পৌরসভার হিসাব রক্ষক জানান জুলাই-সেপ্টেম্বর/২০২১ মাসের কম্পিউটারাইজড হিসাব প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা হবে এবং ইং ০৭-১০-২০২১ তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হবে। সভায় হিসাব শাখার কার্যক্রমে সন্তোষ প্রকাশ করা হয়। | ১. প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করা।<br>২. প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং যথা সময়ে PMO তে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষক | |
| বিষয়ঃ-২৮ স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করার বিষয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় পৌরসভার স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা চলমান আছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | ১. স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ<br>সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার<br>সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র/ সচিব/<br>নির্বাহ প্রকৌশলী/নগর পরিকল্পনাবিদ/<br>প্রশাসনিক কর্মকর্তা/ষ্টোরকীপার | |
| বিষয়ঃ-২৯ সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | প্রকল্পের আওতায় পৌরসভার নির্বাচিত প্রতিনিধি, সচিব, নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, হিসাব রক্ষণ কর্মকর্তা, বস্তি উন্নয়ন কর্মকর্তা, কর আদায়কারী, লাইসেন্স পরিদর্শক, সহকারী এ্যাসেসরদেরকে প্রশিক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তবে গত ইং ২৭-০৯-২০২১ তারিখ প্রকল্প অফিস কর্তৃক পৌরসভার নব-নির্বাচিত পৌর পরিষদসহ নির্ধারিত কর্মকর্তা/কর্মচারীদের পৌর আইন ও বিধির উপর একদিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করেন। প্রশিক্ষণের ব্যবস্থা এবং প্রশিক্ষণ প্রদান করার জন্য জন্য অত্রসভা প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞ্যাপন করেন। এছাড়াও সভাকে জানানো হয় ষ্টাফদের দক্ষতাবৃদ্ধির প্রশিক্ষণের জন্য ২,০০,০০০/-টাকা বাজেট ধরা আছে। অচিরেই প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | ১.নির্বাচিত প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন কমিটির সদস্যদের কে আগামীতে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অনুরোধ করা হয়।<br>২.পৌরসভার সকল কর্মকর্তা ও শাখা প্রধানদের আগামীতে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অনুরোধ করা হয়।<br>৩.পৌরসভার নিজস্ব অর্থ দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের অচিরেই প্রশিক্ষণের ব্যবস্থা করা। | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়ঃ-৩০ **বিবিধ আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহন।** | ক. TLCC-র সদস্য জনাব মোঃ রাশেদুল ইসলাম মানু বলেন যে, হাজরাহাটি রোড লাইনের লাইট গুলো অকেজো হয়ে পড়েছে তা সংস্কার করা প্রয়োজন। এছাড়া তিনি কবরস্থানে রোড লাইট স্থাপনের কথা বলেন এবং অন্য সদস্য জনাব নুরুন্নাহার কাকলী মহিলা কলেজের পাশে পানির লাইনে প্রচুর আয়রন থাকায় তা ব্যবহার অনুপোযোগি হয়ে পড়েছে তা পরিষ্কার করা প্রয়াজন। বস্তি উন্নয়ন কমিটির সভাপতি রুপালি খাতুন বলেন যে,তালতলা স্কুল পাড়া বস্তির রাস্তা দ্রূত সংস্কার করা প্রয়োজন। এছাড়া সাংবাদিক জনাব বিপুল আশরাফ ৭ং ওয়ার্ডের ব্রীজের রেইলিং সংস্কারের কথা বলেন।<br>খ. মোহাম্মাদী শপিং কম্প্লেক্স, চুয়াডাঙ্গা পৌর কর খেলাপি, তার নিকট পাওনা ২,৩৯০০/- টাকা। মার্কেট নির্মাণ হতে শুরু করে এ পর্যন্ত পৌরকর প্রদান করেন নাই।<br>TLCC-র সভাপতি জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা কাজ গুলো দ্রুততার সাথে সম্পূর্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশ প্রদান করেন। | ক. কবরস্থানে লাইট স্থাপন।<br>খ. ড্রেনের উপর স্লাব নির্মাণ।<br>গ. ড্রেনের পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।<br>ঘ. পানির লাইনে আয়রন মুক্ত করন।<br>ঙ. মোহাম্মাদী শপিং কম্প্লেক্স, চুয়াডাঙ্গা-এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হল। | মেয়র/নির্বাহী প্রকৌশলী/পানি তত্বাবধায়ক/কঞ্জারভেন্সী পরিদর্শক | |

মাননীয় মেয়র সভায় উপস্থিত TLCC-র সদস্যদের ধন্যবাদ সহ সবাইকে পৌরসভার উন্নয়নের স্বার্থে পৌরকর আদায়ের জন্য সকলে এগিয়ে আসাসহ উন্নয়নের অংশীদার হওয়ার আহব্বান জানান। অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা

**স্মারক নং- চুয়াঃ/পৌঃ-TLCC-৩/৪-২০১৮/২০২২/৫৪৪(৫০)** **তারিখ ঃ ০৫-০৪-২০২২ খ্রিস্টাব্দ**

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ**

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, (UGIIP-III)
এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা-১২০৭

২। জনাব...................................................সদস্য, TLCC, চুয়াডাঙ্গা পৌরসভা

৩। অফিস কপি

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা